



HM Government



The Windrush
Help Team

যুক্তরাজ্যে বসবাস করার বৈধ অধিকার

প্রমাণ করতে না পারায় আপনার

কি কোনো সমস্যা হয়েছে?

আপনি ক্ষতিপূরণ পাওয়ার জন্য যোগ্য

হতে পারেন

যুক্তরাজ্যে বসবাস করার বৈধ অধিকার প্রমাণ করতে না পারার কারণে যদি আপনি ছোট কিংবা বড় কোনো ধরনের সমস্যার সম্মুখীন হয়ে থাকেন, তাহলে আপনি ক্ষতিপূরণ পাওয়ার জন্য যোগ্য হতে পারেন।

আফ্রিকান, এশিয়ান এবং ক্যারিবিয়ান দেশগুলো সহ সকল বয়সী এবং জাতীয়তার লোকজন ক্ষতিপূরণ পাবেন।

আর আবেদন করা এখন আরো সহজ।





HM Government

আমি কী দাবি করতে পারি?

যুক্তরাজ্যে বসবাস করার বৈধ অধিকার প্রমাণ করতে না পারার কারণে যদি আপনি সমস্যায় পড়ে থাকেন, তাহলে আপনি ক্ষতিপূরণ দাবি করতে পারবেন। আপনি নিম্নোক্ত সমস্যাগুলোর জন্য দাবি করতে পারেন:

- সুবিধা, আবাসন এবং বিনামূল্যে স্বাস্থ্যসেবার অ্যাক্সেস হারানো
- চাকরি হারানো
- শিক্ষার সুযোগ না পাওয়া বা ব্যাংকিং অথবা ড্রাইভিং লাইসেন্স থেকে বঞ্চিত হওয়া
- ভ্রমণ করতে না পারা
- সীমান্ত কর্মকর্তাদের সাথে সমস্যা হওয়া
- আটক বা নির্বাসিত হওয়া
- উদ্বেগ বা দুশ্চিন্তার মতো বিবিধ নন-ফিন্যান্সিয়াল প্রভাব

কারা দাবি করতে পারেন?

আপনি দাবি করতে পারেন যদি:

- আপনি বা আপনার বাবা-মা 1973 সালের আগে যেকোনো কমনওয়েলথ দেশ থেকে যুক্তরাজ্যে এসে থাকেন
- আপনি 1988 সাল শেষ হওয়ার আগে যেকোনো দেশ থেকে যুক্তরাজ্যে এসে থাকেন কিছু নাতি-নাতনি বা পরিবারের ঘনিষ্ঠ সদস্যরাও ক্ষতিপূরণ দাবি করতে পারবেন।



বিনামূল্যে হেল্পলাইনে কল করুন: **0800 678 1925**



ভিজিট করুন: [GOV.UK/WindrushHelpTeam](https://www.gov.uk/windrushhelpteam)

দাবি পেশ করার ব্যাপারে আপনি সাহায্য পেতে পারেন। আবেদন করার ফরম দাখিল করার ব্যাপারে আপনার কোনো সাহায্যের প্রয়োজন হলে **উই আর ডিজিটাল (We Are Digital)**-এ একজন বিনামূল্যের স্বতন্ত্র পরামর্শকের সাথে আমরা আপনার যোগাযোগ করিয়ে দিতে পারি বা সরাসরি তাদের **0808 196 8496** নম্বরে কল করতে পারেন